

- পরবর্তীতে বিভিন্ন ডিভিশন সাপোর্ট ব্যাটালিয়ন, রিভারাইন ইঞ্জিনিয়ার ব্যাটালিয়ন এবং ইঞ্জিনিয়ার কনস্ট্রাকশন ব্যাটালিয়ন গঠনের মাধ্যমে কোর অব ইঞ্জিনিয়ার্স পূর্বোদ্যমে এর যাত্রা শুরু করে। বর্তমানে সেনাবাহিনীর উন্নয়নের পাশাপাশি দেশগঠনমূলক কর্মকাণ্ডে কোর অব ইঞ্জিনিয়ার্স এর অবদান অনস্বীকার্য। পদ্মা বহুমুখী সেতু এবং হাতিরঝিল প্রকল্পসহ জাতীয় যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে এই কোরের সদস্যরা নিরলস পরিশ্রম করে যাচ্ছেন।

৭। কোর অব সিগন্যালস্ এর ইতিহাস।

- বাংলাদেশ সেনাবাহিনীতে কোর অব সিগন্যালস্ এর ইতিহাস আপন মহিমায় সমুজ্জল।
- ১৯৭১ এর জুলাই মাসে মুক্তিযুদ্ধকালীন বাংলাদেশ সেনাবাহিনীর সিগন্যাল কোরের সদস্যদের তিনটি সিগন্যাল সেক্টর/ব্রিগেড সিগন্যাল কোম্পানী পর্যায়ে সংঘবদ্ধ করা হয়। তৎকালীন পাকিস্তান সেনা, নৌ, বিমান এবং ইপিআর থেকে আগত বাঙ্গালী ৭৯ জন সিগন্যালারদের সমন্বয়ে এই কোম্পানীগুলি প্রাথমিকভাবে প্রতিষ্ঠা লাভ করে।